# Jamuna Oil Company Limited

Jamuna Bhaban, Agrabad Commercial Area
Chittagong

## Invitation for Re-Tender No.: 69/2015-16

| Sl No. | Jamuna Oil Company Ltd, a subsidiary of Bangladesh Petroleum Corporation (BPC), hereby invites sealed tender under PPR-2008 from reputed firms/contractors experienced in supply & installation of Fire Fighting System. | | |
|---|---|---|---|
| 1 | Ministry/division | Ministry of Power, Energy & Mineral Resources/Energy & Mineral Resources Division. | |
| 2 | Agency | Bangladesh Petroleum Corporation (BPC). | |
| 3 | Procuring entity name | Jamuna Oil Company Limited. | |
| 4 | Procuring entity district | Chittagong. | |
| 5 | Invitation for | Design, Engineering, Supply, Installation, Testing and Commissioning of Fire Hydrant type Fighting System at Fatullah depot. | |
| 6 | Invitation Ref No. & date | 28.24.0000.250.12.001.16, date: 21-01-2016. | |
| 7 | Procurement method | Single stage two envelop. | |
| 8 | Budget and source of funds | Own sources of the company. | |
| 9 | Tender last selling date and time | 09-06-2016. | |
| 10 | Tender closing date and time | 12-06-2016 | At 12:00 noon. |
| 11 | Tender opening date and time | 12-06-2016 | At 12:15pm. |
| 12 | Name & address of the office(s) | Address | |
| | Selling tender document | a) Cash Section, Jamuna Oil Company Limited, Agrabad C/A, Chittagong.<br>b) DGM (DLO), Jamuna Oil Company Ltd., 2, Kawran Bazar, Dhaka. | |
| | Receiving & opening tender document | Engineering & Development Department, Jamuna Oil Company Limited, Jamuna Bhaban (3rd Floor), Agrabad C/A, Chittagong. | |
| 13 | Eligibility of tenderer | Tenderers eligible to participate in this tender as per terms and conditions mentioned in the tender schedule. | |
| 14 | Price of tender document | BDT 5,000.00 (five thousand) per tender schedule (non-refundable). | |
| 15 | Tender security | BDT 9,00,000.00 (nine lac) as tender security in the form of Pay Order/DD/BG in favour of Jamuna Oil Company Ltd. | |
| 16 | Name, designation & address of official inviting tender | Md Mahidur Rahman, DGM (Engineering & Development), Jamuna Oil Company Limited, Jamuna Bhaban, Agrabad C/A, Chittagong. Phone No: 721568. | |
| 17 | The procuring entity reserves the right to accept or reject any or all tenders. | | |

GD-1140

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এ্যান্ড প্রপার্টি রাইটস
ফর অল সিটিজেনস অব বাংলাদেশ
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণী
তেজগাঁও, ঢাকা-১২০৮

স্মারক নং ৩১.০৪৭.০১৪.০১.০০.৯৮.২০১৬-১৭১ তারিখঃ ১৯/০৫/২০১৬খ্রিঃ

## আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এ্যান্ড প্রপার্টি রাইটস ফর অল সিটিজেনস অব বাংলাদেশ প্রকল্পে অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে আউটসোর্সিং পদ্ধতিতে দক্ষ ও অভিজ্ঞ জনবল সরবরাহের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার (বেতন গ্রেড-১৬) | ০১ জন | ১৮-৩০ বৎসর (০১ জুন-২০১৬ তারিখ) | এসএসসি বা সমমান | ১। বৈধ লাইসেন্সধারী, মাইক্রোবাস, পিক আপ, প্রাইভেট কার ইত্যাদি চালনায় দক্ষতা থাকতে হবে।<br>২। পূর্ব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০২ | প্রসেস সার্ভার (বেতন গ্রেড-১৯) | ০৩ জন | ১৮-৩০ বৎসর (০১ জুন-২০১৬ তারিখ) | এসএসসি বা সমমান | প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। পূর্ব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৩ | এমএলএসএস (বেতন গ্রেড-২০) | ০১ জন | ১৮-৩০ বৎসর (০১ জুন-২০১৬ তারিখ) | এসএসসি বা সমমান | প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। পূর্ব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। |

০১। ন্যূনতম ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানকে বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, সমপ্রকৃতির কাজে জনবল সরবরাহের পূর্ব অভিজ্ঞতার প্রমাণপত্র নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সীলগালা অবস্থায় দরপত্র প্রস্তাব জাতীয় প্রকল্প পরিচালক, স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এ্যান্ড প্রপার্টি রাইটস ফর অল সিটিজেনস অব বাংলাদেশ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণী, ঢাকা-১২০৮ এর দপ্তরে দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে আলোচ্য প্রকল্পে কাজ করতে সম্মত হয়েছে। অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

| পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | মাসিক সাকুল্য বেতন | মাসিক সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয় (প্রযোজ্য আয়কর ও ভ্যাট সহ) | ০১ জনের জন্য প্রতি মাসের বেতন | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৫+৬) | ৮(২*৭) |
| ড্রাইভার | ০১ জন | | | | | | |
| প্রসেস সার্ভার | ০৩ জন | | | | | | |
| এমএলএসএস | ০১ জন | | | | | | |

২। আগামী ১৫/০৬/২০১৬ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে জাতীয় প্রকল্প পরিচালক, স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এ্যান্ড প্রপার্টি রাইটস ফর অল সিটিজেনস অব বাংলাদেশ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মারণী, ঢাকা-১২০৮ এর দপ্তরে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরপত্র বিবেচনা করা হবে না। একই তারিখ বেলা ১২.৩০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্র দাখিলকারীর উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৩। দরপত্র দাখিলকারীকে আমানত হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট জাতীয় প্রকল্প পরিচালক, স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এ্যান্ড প্রপার্টি রাইটস ফর অল সিটিজেনস অব বাংলাদেশ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণী, ঢাকা-১২০৮ এর বরাবরে দাখিল করতে হবে।

৪। দরপত্র প্রস্তাব বাছাইয়ে যে প্রতিষ্ঠানের প্রস্তাব বিবেচিত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদেরকে ইন্টারভিউ এর জন্য ডাকা হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সরকারি প্রতিষ্ঠানে কাজ করেছেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

৫। প্রস্তাবিত প্রার্থীদের ছবিসহ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি উল্লেখপূর্বক জীবন বৃত্তান্ত দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। প্রত্যেক প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। সকল সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৮। অগ্রহণযোগ্য প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট হতে পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অন্য প্রার্থীর নাম ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করতে হবে।

৯। প্রস্তাবিত জনবলের কর্মস্থল ঢাকায় হবে তাহার সার্বক্ষণিকভাবে জাতীয় প্রকল্প পরিচালকের তত্ত্বাবধানে দায়িত্ব পালন করতে হবে।

১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রকল্পের পক্ষ থেকে কার্যাদেশ প্রেরণ করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ১৫০ (একশত পঞ্চাশ) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তি সম্পন্ন করতে হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১১। প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ১ (এক) বছর হবে, তবে উভয় পক্ষের সম্মতিতে প্রকল্পের মেয়াদকাল পর্যন্ত নবায়নযোগ্য হবে।

১২। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশে বাতিল করতে পারবে।

১৩। সরকারি প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে। সরকারি ছুটির দিনেও প্রয়োজনে দায়িত্ব পালন করতে হবে, যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় বা সরকারি ছুটির দিনে জনবল নিয়োজিত রাখতে অপারগ হবে তাদের প্রস্তাবিত দরপত্র দাখিল করার প্রয়োজন নেই। পরবর্তীতেও অপারগতা প্রকাশ করলে জনবল সরবরাহের চুক্তি বাতিল করা হবে।

১৪। নিয়োজিত কর্মচারীগণ কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবেন।

১৫। সরবরাহকৃত জনবলের মধ্যকালে কাজের মান সন্তোষজনক না হলে ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

১৬। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ০১ (এক) বছরের বেতনের ৩% হারে নিরাপত্তা জামানত পে অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে জাতীয় প্রকল্প পরিচালক, স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এ্যান্ড প্রপার্টি রাইটস ফর অল সিটিজেনস অব বাংলাদেশ, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মারণী, ঢাকা-১২০৮ এর অনুকূলে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের টাকা ফেরত প্রাদান করা হবে।

১৭। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা ও অবহেলার কারণে সরকারি কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে এর দায় বহন করতে হবে।

১৮। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা ও নির্দেশিকা প্রভৃতি অনুসরণযোগ্য হবে।

১৯। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ শামসুল আলম
জাতীয় প্রকল্প পরিচালক
ফোনঃ ০১৭১৬২৩৫৫৭২

জিডি-১১৪১

# EMBA Program

Faculty of Business Studies
Jahangirnagar University
Savar, Dhaka

## Invitation for Tender (OTM)

স্মারক সংখ্যা নংঃ তারিখঃ ১৯/০৫/২০১৬

| | | |
|---|---|---|
| 01 | Invitation for | Supply and installation of Diesel Generator (Super Silent 20 KVA for Faculty of Business (EMBA Program) at Jahangirnagar University, Savar, Dhaka. |
| 02 | Tender last selling date & time | 08-06-2016 (2-00pm within JU office hour). |
| 03 | Tender receiving date & time | 09-06-2016 up to 12-00 noon. |
| 04 | Tender opening date & time | 09-06-2016 up to 12-15 pm. |
| 05 | Website address | Detail information will be available in the website of www.juniv.edu (tender details option). |

Coordinator, EMBA Program
Faculty of Business Studies
Jahangirnagar University
Savar, Dhaka

GD-1143

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয়ঃ নলকা, সিরাজগঞ্জ
website: www.pgcl.org.bd

## আইন উপদেষ্টা নিয়োগ এবং প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তিকরণ বিজ্ঞপ্তি

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর বিভিন্ন সময়ে উদ্ভুত মামলা পরিচালনা ও আইনগত মতামত প্রদানের জন্য প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তিকরণ এবং আইন উপদেষ্টা নিয়োগের নিমিত্ত ঢাকা, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া ও রাজশাহী জেলা আইনজীবী সমিতির সদস্যগণের নিকট হতে এবং বাংলাদেশ সুপ্রিম কোর্ট (হাইকোর্ট ও এ্যাপিলেট ডিভিশন)-এ মামলা পরিচালনার জন্য সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশনের তালিকাভুক্ত সদস্যগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
২। আবেদনকারীকে অবশ্যই এলএলবি ডিগ্রিধারী হতে হবে এবং এককভাবে মামলা পরিচালনা ও মতামত প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ১০ বছরের পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। বার-এট-ল/এলএলএম ডিগ্রিসহ উচ্চ আদালতে মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীদের অগ্রাধিকার দেয়া হবে।
৩। প্রার্থীদের বয়স ৩০/০৪/২০১৬ তারিখে ৬০ (ষাট) বছরের অধিক হতে পারবে না।
৪। প্রার্থীদের অবশ্যই সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৫। অবসরপ্রাপ্ত জেলা জজ (অনূর্ধ্ব ৬০ (ষাট) বৎসর বয়স) যাঁরা আইন ব্যবসায় কর্মরত আছেন তাঁরা আইন উপদেষ্টা নিয়োগ/প্যানেল এ্যাডভোকেট হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন।
৬। অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে কর্মরত আইনজীবীগণ পিজিসিএল-এর আইন উপদেষ্টা হিসেবে আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।
৭। আবেদনকারীকে অবশ্যই দেশে প্রচলিত আইন যেমন- কোম্পানী আইন, শ্রম আইন, সার্ভিস রুলস, শেয়ার ও সিকিউরিটিজ এবং পাবলিক সেক্টর/স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন-এর বিধি বিধান সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
৮। ইতোপূর্বে যে সকল আইনজীবী অত্র কোম্পানীর আইন উপদেষ্টা বা প্যানেল এ্যাডভোকেট হিসেবে তালিকাভুক্ত ছিলেন তাদের মধ্যে আগ্রহী আইনজীবীগণকে আইন উপদেষ্টা/প্যানেল এ্যাডভোকেট পদে নতুনভাবে নিয়োগ/তালিকাভুক্তির জন্য পুনরায় আবেদন করতে হবে।
৯। আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবীগণ কোম্পানী কর্তৃক প্রদেয় আইন বিষয়ক পরামর্শ/কাজের জন্য পেট্রোবাংলা/কোম্পানীর অনুমোদিত সিডিউল অনুযায়ী ফি পাবেন। ফি পরিশোধ সম্বলিত বর্ণিত সিডিউল পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর কোম্পানী সচিবালয় বিভাগ, নলকা, সিরাজগঞ্জ ও ঢাকা লিয়াজোঁ অফিস, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার (১৪ তলা), ৩, কাওরান বাজার, ঢাকা হতে সংগ্রহ করা যাবে।
১০। আইন উপদেষ্টা পদে নিয়োগকৃত আবেদনকারী অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে কাজ করতে পারবেন না।
১১। আবেদনকারী একাধিক প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিযুক্ত থাকলে প্রতিষ্ঠানের ঠিকানাসহ কার্যকালের বিস্তারিত আবেদনপত্রে উল্লেখ করতে হবে।
১২। আইন উপদেষ্টা এবং প্যানেলভুক্ত আইনজীবীগণের মেয়াদকাল নিয়োগের পর হতে পরবর্তী ২ (দুই) বছর বলবৎ থাকবে এবং ২ (দুই) বৎসর অতিক্রান্ত হওয়ার পর উক্ত নিয়োগের কার্যকারিতা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
১৩। আইন উপদেষ্টা এবং প্যানেলভুক্ত আইনজীবীগণ উক্ত পদ হতে অব্যাহতি/পদত্যাগের ক্ষেত্রে যে কোন পক্ষের ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক উহা কার্যকরী হবে।
১৪। ০২ (দুই) কপি আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত ওকালতির সত্যায়িত সনদপত্র, পেশাগত/অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সদ্য তোলা সত্যায়িত ছবি আবেদনপত্রের সহিত সংযুক্ত করে **এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ**-এর বরাবর অবশ্যই পৌঁছাতে হবে।
১৫। দরখাস্ত এবং খামের উপর যে পদের জন্য আবেদন করা হয়েছে তা সু-স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
১৬। ইতোপূর্বে জাতীয় ও স্থানীয় দৈনিকে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল আইনজীবী (প্যানেল এ্যাডভোকেট ও আইন উপদেষ্টা হিসাবে) আবেদন করেছিলেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
১৭। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে। আইন উপদেষ্টা নিয়োগ ও প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তির বিষয়ে কোম্পানীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

পিজিপিআর-১১/২০১৫-১৬
জিডি-১১১০ কোম্পানী সচিব

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপকের কার্যালয়
সরকারি হাঁস-মুরগি খামার, রাজবাড়ী
www.dls.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.৩২১.০৭.০৩১.১৬-৫৫ তারিখঃ ১৯/০৫/২০১৬ খ্রিস্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়ের নাম | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| ০২. | এজেন্সী | প্রাণিসম্পদ অধিদপ্তর। |
| ০৩. | সংগ্রহকারী সত্তার নাম | ব্যবস্থাপক, সরকারি-হাঁস মুরগি খামার, রাজবাড়ী। |
| ০৪. | দরপত্র কাজের নাম ও কার্যকাল | ২০১৬-১৭ অর্থ বছরে খামারের হাঁস-মুরগির খাদ্য ও অন্যান্য উপকরণ সরবরাহের কাজ। |
| ০৫. | ক্রয়/সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)। |
| ০৬. | বাজেট/অর্থের উৎস | সরকারি রাজস্ব বাজেট। |
| ০৭. | দরপত্র প্যাকেজের নাম | ২টি প্যাকেজে ৪+৪ মোট ৮ টি লটে মুরগীর খাদ্য ও অন্যান্য উপকরণ সরবরাহের কাজ। |
| ০৮. | দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য) ও জামানত | দরপত্রের মূল্য ১,০০০/- (এক হাজার টাকা) এবং দরপত্র জামানত আনুমানিক মূল্যের ৩% হারে (সিডিউলে বিস্তারিত বর্ণিত)। |
| ০৯. | দরপত্র দলিল বিক্রয়ের স্থান | ক) জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী।<br>খ) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। |
| ১০. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ০৫/০৬/২০১৬ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১১. | দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় | ০৬/০৬/২০১৬ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ১১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ১২. | দরপত্র দলিল গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ক্রমিক নং ০৯ এ বর্ণিত দপ্তরসমূহ।<br>"দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের তারিখ হতে দরপত্র দাখিলের শেষ দিন পর্যন্ত দরদাতাগণ হাতে-হাতে, সাধারণ ডাকযোগে এবং কুরিয়ার/রেজিষ্টার ডাকযোগে নির্ধারিত স্থানে/বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন" (সিডিউলে শর্তের বর্ণনা মোতাবেক নমুনা/স্পেসিফিকেশনসহ অবশ্যই জমা দিতে হবে)। |
| ১৩. | দরপত্র খোলার তারিখ ও সময় | ০৬/০৬/২০১৬ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ১২:০০ ঘটিকা। |
| ১৪. | দরপত্র দলিল খোলার দপ্তর | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। (দরদাতা/প্রতিনিধি দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবেন)। |
| ১৫. | দরদাতার যোগ্যতা | প্রাণিসম্পদ অধিদপ্তরের তালিকাভুক্ত ও তালিকা বহির্ভূত প্রকৃত ঠিকাদার/প্রকৃত সরবরাহকারী। |
| ১৬. | দরপত্রের সাথে দেয় কাগজপত্রাদি | প্রাণিসম্পদ অধিদপ্তরের তালিকাভুক্ত ঠিকাদার/প্রকৃত সরবরাহকারীর ক্ষেত্রে হালনাগাদ তালিকাভুক্তির সত্যায়িত অনুলিপি। অভিজ্ঞতাসম্পন্ন তালিকা বর্হিভূত ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান এই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। তালিকা বহির্ভূত ঠিকাদার এর ক্ষেত্রে ক) সদ্যতোলা এক কপি সত্যায়িত ছবি, খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি, গ) ভ্যাট নিবন্ধন সনদ, ঘ) হালনাগাদ আয়কর প্রদানের সনদ, ঙ) চলতি অর্থ বৎসরে ব্যাংকে জমাকৃত টাকার পরিমাণ উল্লেখসহ প্রদত্ত ব্যাংক সলভেন্সী (আর্থিক সচ্ছলতার) সনদপত্রের সত্যায়িত কপি, চ) সংশিষ্ট কাজের কমপক্ষে ১ (এক) বছরের অভিজ্ঞতা, ছ) দরপত্র দলিল ক্রয়ের রশিদসহ সিডিউল দাখিল করতে হবে। |
| ১৭. | দরপত্র মূল্যায়ন পদ্ধতি | পি.পি.আর ২০০৮, দরপত্র বিজ্ঞপ্তি ও শর্তাবলী অনুযায়ী। |
| ১৮. | কার্যসম্পাদনের সময় | ১ জুলাই/২০১৬ হইতে ৩০ জুন/২০১৭ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত। |
| ১৯. | সংগ্রহকারী সত্তা | যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ২০. | দরপত্র সম্পর্কে বিস্তারিত তথ্য জানার স্থান | ব্যবস্থাপকের কার্যালয়, সরকারি হাঁস-মুরগি খামার, রাজবাড়ী।<br>টেলিফোন নং- ০৬৪১-৬৫৫৯৫/মোবাইল নং ০১৭১২ ৭৫১৮১৬। |
| ২১. | বিশেষ দ্রষ্টব্য | অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র গ্রহণ ও খোলা হবে। |

ডাঃ নূরুল্লাহ মোঃ আহসান
ব্যবস্থাপক (অঃ দাঃ)
সরকারি হাঁস-মুরগি খামার, রাজবাড়ী
মোবাইল নং ০১৭১২ ৭৫১৮১৬

জিডি-১১৩৬